Website: www.bb.org.bd

**গ্রিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

জিবিসিএসআরডি সার্কুলার নং-০১

মে ২৬, ২০১৩
তারিখ ঃ ---------------------
১২ জৈষ্ঠ্য , ১৪২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক

প্রিয় মহোদয়,

**ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে দুঃস্থ পুনর্বাসনের লক্ষ্যে অনুদান বরাদ্দকৃত ব্যক্তিদের জন্য ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে ।**

ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে দুঃস্থ পুনর্বাসনের লক্ষ্যে অনুদান বরাদ্দকৃত আর্থিক মঞ্জুরী ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদানের লক্ষ্যে জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধণ কার্ড ও উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত পরিচয় পত্র/সনদ এর বিপরীতে দুঃস্থদের নিকট থেকে ন্যূনতম ১০/- টাকা গ্রহনপূর্বক ব্যাংক হিসাব খোলার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত হিসাবে ন্যূনতম স্থিতি রাখার বাধ্যবাধকতা আরোপ করা যাবে না এবং এ সব হিসাব হতে কোন প্রকার চার্জ/ফি আদায় করা যাবে না।

এমতাবস্থায়, দুঃস্থদের অনুকূলে ধর্ম মন্ত্রণালয়ের প্রদেয় যাবতীয় আর্থিক মঞ্জুরী বিতরণ ও তাদের জন্য ব্যাংকিং সেবা নিশ্চিতকল্পে আপনাদের সব শাখায় উল্লিখিত হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার মোরশেদ মিল্লাত)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৯২